

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রধান কার্যালয়  
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ (এপ্রিল-জুন, ২০২৩) কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত  
বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন:

উপর্যুক্ত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির এক সভা  
বিগত ০৭ জুন, ২০২৩ তারিখে জনাব মো: আজিজুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৫ মে,  
২০২৩ তারিখে অনুষ্ঠিত এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ কমিটির ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপভাবে পর্যালোচনা করা হয়:

ক্রম	হালনাগাদকরণ কমিটির সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির ক্রমিক ২.১(৯)-এ নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে 'বিচ্ছোরক লাইসেন্সের কপি'-অন্তর্ভুক্ত করতে হবে।	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির ক্রমিক ২.১(৯)-এ নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে 'বিচ্ছোরক লাইসেন্সের কপি'-অন্তর্ভুক্ত করা হয়েছে এবং কার্যক্রম গৃহীত হয়েছে মর্মে পাওয়া গিয়েছে।
২.	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ক্রমিক ৩৩-এ অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর ফরম নং-২/৯ ও ২/১০ অনুযায়ী 'দেশিমদ/বিলাতিমদ পানের পারমিট প্রদান (মুসলিম/অমুসলিম/বিদেশী নাগরিক)' সংক্রান্ত সেবাটি বিদ্যমান সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করতে হবে। পাশাপাশি আবেদন ফর্ম লিংক আকারে সংযুক্ত করতে হবে।	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ক্রমিক ৩৩-এ অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর ফরম নং-২/৯ ও ২/১০ অনুযায়ী 'দেশিমদ/বিলাতিমদ পানের পারমিট প্রদান (মুসলিম/অমুসলিম/বিদেশী নাগরিক)' সংক্রান্ত সেবাটি বিদ্যমান সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং আবেদন ফর্ম লিংক আকারে সংযুক্ত করা হয়েছে যা যাচাই করে সঠিক পাওয়া গিয়েছে।
৩.	'প্রিকারসর কেমিক্যালস এর উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ, মজুদ ও পাইকারী বিক্রয় লাইসেন্স প্রদান' সংক্রান্ত নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে 'বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র' এবং 'কারখানা লাইসেন্সের কপি' অন্তর্ভুক্ত করতে হবে।	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ক্রমিক ৩৬-এ 'প্রিকারসর কেমিক্যালস এর উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ, মজুদ ও পাইকারী বিক্রয় লাইসেন্স প্রদান' সংক্রান্ত নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে 'বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র' এবং 'কারখানা লাইসেন্সের কপি' অন্তর্ভুক্ত করা হয়েছে এবং কার্যক্রম গৃহীত হয়েছে মর্মে পাওয়া গিয়েছে।
৪.	'প্রিকারসর কেমিক্যালস এর ব্যবহারের পারমিট অনুমোদন প্রদান' সংক্রান্ত নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে 'বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র' এবং 'কারখানা লাইসেন্সের কপি' অন্তর্ভুক্ত করতে হবে।	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ক্রমিক ৩৯-এ 'প্রিকারসর কেমিক্যালস এর ব্যবহারের পারমিট অনুমোদন প্রদান' সংক্রান্ত নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে 'বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র' এবং 'কারখানা লাইসেন্সের কপি' অন্তর্ভুক্ত করা হয়েছে এবং কার্যক্রম গৃহীত হয়েছে মর্মে পাওয়া গিয়েছে।

২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির ০৭ জুন, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত  
বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা নিম্নরূপ:

ক্রম:	পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
২.১	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিটিজেন চার্টারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অংশে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপীল কর্মকর্তার ছবি সংযোজন করতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিটিজেন চার্টারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অংশে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপীল কর্মকর্তার ছবি সংযোজন করা হয়েছে যা যাচাই করে সঠিক পাওয়া গিয়েছে।
২.২	সিটিজেন চার্টারে উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা পরিবর্তন/বদলী হলে নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য (নাম, পদবী, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি ইত্যাদি) অবিলম্বে অন্তর্ভুক্ত করতে হবে।	সিটিজেন চার্টারে উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মোবাইল নম্বর অন্তর্ভুক্ত করা হয়েছে যা যাচাই করে সঠিক পাওয়া গিয়েছে। তাছাড়া অন্যান্য তথ্যাদি (নাম, পদবী, ফোন নম্বর, ই-মেইল আইডি ইত্যাদি) পূর্বের হালনাগাদ বহাল রয়েছে।

৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক হালনাগাদকরণ কমিটির ২৫ মে, ২০২৩ তারিখের  
সভায় গৃহীত ০৪টি সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে এবং সিদ্ধান্ত বাস্তবায়নের শতকরা হার ১০০%। প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য প্রেরণ করা  
হলো।

দীপজয় খাঁসা  
সহকারী পরিচালক (প্রশাসন)  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
প্রধান কার্যালয়, ঢাকা।

মোঃ আশেয়ার হোসেন  
পরিচালক (ক্রম, পরিকল্পনা ও উন্নয়ন)  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
প্রধান কার্যালয়, ঢাকা।

মোঃ আজিজুল ইসলাম  
অতিরিক্ত মহাপরিচালক  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
প্রধান কার্যালয়, ঢাকা।